# বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন নির্বাচন-২০২৬

সূত্র নং- বা,অ,ও,এ,নি-২০২৬/০৪ তারিখ: ৩১ মার্চ ২০২৬

## নির্বাচনী তফসিল

১। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এ কর্মরত স্থায়ী কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ এপ্রিল, ২০২৬ (১৭ বৈশাখ, ১৪৩৩ বাংলা), রোজ বৃহস্পতিবার বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে।

**২। নির্বাহী পরিষদের পদসমূহ এবং নির্বাচনের যাবতীয় নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হল :**

**২.১। নির্বাহী পরিষদের পদসমূহ :**

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | সভাপতি | ০১ (এক) টি |
| ২. | সিনিয়র সহ-সভাপতি | ০১ (এক) টি |
| ৩. | সহ-সভাপতি | ০১ (এক) টি |
| ৪. | সাধারণ সম্পাদক | ০১ (এক) টি |
| ৫. | যুগ্ম সম্পাদক | ০১ (এক) টি |
| ৬. | সহঃ সাধারণ সম্পাদক | ০১ (এক) টি |
| ৭. | অর্থ সম্পাদক | ০১ (এক) টি |
| ৮. | দপ্তর সম্পাদক | ০১ (এক) টি |
| ৯. | প্রচার সম্পাদক | ০১ (এক) টি |
| ১০. | ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক | ০১ (এক) টি |
| ১১. | সাংগঠনিক সম্পাদক | ০১ (এক) টি |
| ১২. | কল্যাণ সম্পাদক | ০১ (এক) টি |
| ১৩. | মহিলা সম্পাদক | ০১ (এক) টি |
| ১৪. | পরিষদ সদস্য | ০৩ (তিন) টি |

২.২। প্রধান কার্যালয় ব্যতীত যে সকল প্রকল্পে/স্থাপনায় (দুই বছরের অধিককাল স্থায়ী)/গ্যাস ক্ষেত্রে/আঞ্চলিক দপ্তরে ১০ (দশ) জন বা ততোধিক নিয়মিত কর্মকর্তা থাকবেন সে সকল প্রকল্প/দপ্তর হতে নির্বাচিত/ মনোনীত ০১ (এক) জন সদস্য কার্যকরী পরিষদ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। উল্লেখ্য যে, প্রকল্প সমাপ্ত হওয়ার পর সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।

**৩। এসোসিয়েশনের সাধারণ সদস্যের যোগ্যতা :**

যারা অত্র কোম্পানিতে নিয়মিত কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন এবং এসোসিয়েশনের চাঁদা পরিশোধ করেন তারাই অত্র এসোসিয়েশনের সদস্য বলে বিবেচিত হবেন এবং নির্বাচনে অংশ গ্রহণ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। প্রেষণে কর্মরত কর্মকর্তাদের কমপক্ষে ০৬ (ছয়) মাস চাকুরীকাল অতিবাহিত করতে হবে এবং অবশ্যই এসোসিয়েশনের চাঁদা নিয়মিত পরিশোধ করতে হবে। সাধারণ পরিষদ কর্তৃক বহিস্কৃত পরিষদ সদস্যের ভোটাধিকার থাকবে কিন্তু নির্বাচনে কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। যে সকল সদস্য লিয়েন ছুটিতে আছেন তাঁরা নির্বাচন কমিশনের লিখিত অনুমতিসহ এসোসিয়েশনের চাঁদা পরিশোধ সাপেক্ষে ভোট প্রদান করতে পারবেন।

**৪। মনোনয়ন পত্র সংগ্রহ ও দাখিল :**

৪.১। নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণ আগামী ০১ এপ্রিল, ২০২৬ (১৮ চৈত্র, ১৪৩২ বাংলা), রোজ বুধবার হতে ০৭ এপ্রিল, ২০২৬ (২৪ চৈত্র, ১৪৩২ বাংলা) রোজ মঙ্গলবার পর্যন্ত সকল কার্যদিবসে প্রত্যহ সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা ০১.০০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশনের আহবায়ক/সদস্য-সচিব এর নিকট হতে নগদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) বিনিময় মূল্যে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন।

চলমান পাতা-০২

CamScanner

৪.২। মনোনয়ন পত্র আগামী ০৭ এপ্রিল, ২০২৬ (২৪ চৈত্র, ১৪৩২ বাংলা) রোজ মঙ্গলবার বেলা ০৩.০০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশনের আহবায়ক/ সদস্য-সচিব এর নিকট দাখিল করতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে কোন মনোনয়ন পত্র গ্রহণ করা হবে না।

৪.৩। একজন কর্মকর্তা কেবল মাত্র ০১ (এক) টি পদের জন্য প্রার্থী হতে পারবেন। কোন পদে একাধিক প্রার্থী না থাকলে একমাত্র প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচিত বলে গণ্য হবেন।

৪.৪। নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীর সমর্থক এবং প্রস্তাবকারী কেউই নির্বাচনে পদপ্রার্থী হতে পারবেন না। প্রমাণিত হলে উভয়ের (প্রস্তাবকারী ও সমর্থনকারী) মনোনয়ন পত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে এবং এ ব্যাপারে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। তাছাড়া মনোনয়ন পত্রে কোন প্রকার কাঁটা-ছেড়া/over writing/white fluid ব্যবহার করা হলে মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে এবং এ ব্যাপারে কোন প্রকার আপত্তি গ্রহণ করা হবে না।

৫। **মনোনয়ন পত্র বাছাই :**

প্রাপ্ত মনোনয়ন পত্রসমূহ ০৮ এপ্রিল, ২০২৬ (২৫ চৈত্র, ১৪৩২ বাংলা) রোজ বুধবার, বেলা ০২:০০ ঘটিকার সময় আহ্বায়ক, নির্বাচন কমিশন এর কক্ষে প্রার্থীগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) বাছাই করা হবে।

৬। **মনোনয়ন পত্র প্রত্যাহার :**

যে সকল প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করতে ইচ্ছুক তাঁরা আহবায়ক, নির্বাচন কমিশন এর নিকট যথাযথ কারণ উল্লেখ্যপূর্বক লিখিতভাবে আগামী ০৯ এপ্রিল, ২০২৬ (২৬ চৈত্র, ১৪৩২ বাংলা) রোজ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহারের আবেদন করতে পারবেন।

৭। **প্রার্থীগণের চূড়ান্ত তালিকা প্রকাশ :**

প্রার্থীদের চূড়ান্ত তালিকা মনোনয়ন পত্র বাছাই শেষে ০৯ এপ্রিল, ২০২৬ (২৬ চৈত্র, ১৪৩২ বাংলা) রোজ বৃহস্পতিবার বেলা ০২:৩০ ঘটিকায় প্রকাশ করা হবে। ভোটার তালিকায় কোন কর্মকর্তার নাম উল্লেখ না থাকলে প্রশাসন বিভাগ এর সাথে যোগাযোগ করে নির্বাচন কমিশনকে জানাতে হবে।

৮। **নির্বাচনী প্রচারণা :**

কোন প্রার্থী একক বা সমষ্ঠিগতভাবে আগামী ১০ এপ্রিল, ২০২৬ (২৭ চৈত্র, ১৪৩২ বাংলা) হতে ২৮ এপ্রিল, ২০২৬ (১৫ বৈশাখ, ১৪৩৩ বাংলা) রোজ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত নির্বাচনী প্রচার পরিচালনা করতে পারবেন। তবে, ঢাকাস্থ প্রধান কার্যালয় অর্থাৎ বাপেক্স ভবনের সৌন্দর্য রক্ষার্থে ভবনের ভিতরে নির্বাচনী পোস্টার ও ব্যানার দেয়ালে লাগানো যাবে না। এরুপ কার্যকলাপ নির্বাচন বিধির পরিপন্থী বলে বিবেচিত হবে।

৯। **ভোট কেন্দ্র :**

৯.১। ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ভোট গ্রহণের জন্য বাপেক্স ভবনের ২য় তলায় কনফারেন্স রুম ঢাকার নির্বাচন কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। আগামী ৩০ এপ্রিল, ২০২৬ (১৭ বৈশাখ, ১৪৩৩ বাংলা), রোজ বৃহস্পতিবার সকাল ৮:৩০ মিনিট হতে ভোট গ্রহণ শুরু হবে এবং বেলা ৩:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রে উপস্থিত ভোটারদের ভোট গ্রহণ শেষ না হলে তাদের ভোট গ্রহণ শেষ হওয়া পর্যন্ত ভোটের কার্যক্রম চলতে থাকবে। অনিবার্য কারণবশত: ভোট কেন্দ্র পরিবর্তন করা হলে তা নির্ধারিত সময়ে জানানো হবে।

৯.২। আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম, শাহবাজপুর গ্যাসক্ষেত্র, শ্রীকাইল গ্যাসক্ষেত্র, শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্র, বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র, ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র, সালদানদী গ্যাসক্ষেত্র, বাখরাবাদ # ৬ ও ৭ ওর্য়াকওভার প্রকল্প, সেমুতাং#৬ ওয়ার্কওভার প্রকল্প, রূপগঞ্জ#০১ ওর্য়াকওভার প্রকল্প, বিয়ানীবাজার #০২ ওয়ার্কওভার প্রকল্প এবং ২ ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক# ৭ এন্ড ৯ প্রকল্পে একটি করে ভোট কেন্দ্র থাকবে।

চলমান পাতা-০৩

৯.৩। শ্রীকাইল # ৫ কূপ খনন প্রকল্প কর্মরত কর্মকর্তাগণ শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে স্থাপিত ভোট কেন্দ্রে, সুন্দলপুর সাউথ #১ খনন প্রকল্পে কর্মরত কর্মকর্তাগণ শাহজাদপুর- সুন্দলপুর গ্যাসক্ষেত্রে স্থাপিত ভোট কেন্দ্রে এবং সেমুতাং গ্যাসক্ষেত্রে কর্মরত কর্মকর্তাগণ সেমুতাং#৬ ওয়ার্কওভার প্রকল্পে স্থাপিত ভোট কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন অথবা অগ্রীম হিসেবেও ভোট প্রদান করতে পারবেন।

৯.৪। মাধবপুর রিগ বেইজে কর্মরত কর্মকর্তাগণ সালদানদী গ্যাস ক্ষেত্রে স্থাপিত ভোট কেন্দ্রে এবং ভূতাত্ত্বিক জরিপ দল, পাথারিয়া স্ট্রাকচার, জুড়ী এর কর্মকর্তাগণ ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র কেন্দ্রে ভোট প্রদান করবেন অথবা অগ্রীম হিসেবেও ভোট প্রদান করতে পারবেন।

৯.৫। এছাড়াও ভূকম্পন জরিপ দল/প্রকল্প এবং ভূতাত্ত্বিক জরিপ দল (জরিপ দলসমূহ নির্বাচনের সময় ঢাকার বাইরে থাকলে) সমূহে কর্মরত কর্মকর্তাগণের সংশ্লিষ্ট জরিপ দলের প্রধানগণ নির্বাচন কমিশনের সাথে আলোচনা করে ভোট প্রদানের ব্যবস্থা করবেন।

৯.৬। কর্মকর্তাগণের অবস্থানের প্রেক্ষিতে ভোট কেন্দ্রের স্থান পরিবর্তন হতে পারে।

১০। <u>বাপেক্সের বিভিন্ন স্থাপনায় নির্বাচন পরিচালনা প্রসঙ্গে:</u>

অনুচ্ছেদ ৯.২, ৯.৩ ও ৯.৪ এ উল্লিখিত ভোট কেন্দ্র সমূহের ভোট নির্বাচন কমিশন কর্তৃক মনোনীত কর্মকর্তা গ্রহণ করবেন। সে ক্ষেত্রে স্ব-স্ব স্থাপনা প্রধান ভোট গ্রহণকারী কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদান করবেন। মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক মনোনীত কর্মকর্তা কর্তৃক উক্ত কার্যালয়ে কর্মরত কর্মকর্তাদের মধ্য হতে নির্বাচন অথবা মনোয়নের মাধ্যমে একজন সদস্য নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উক্ত নির্বাচিত সদস্য এসোসিয়েশনের ০১ (এক) জন পরিষদ সদস্য হিসেবে অর্ন্তভুক্ত থাকবেন।

১১। <u>অগ্রিম ভোট</u> :

কোন ভোটারের যদি নির্বাচনের দিন ছুটিতে অথবা অফডে-তে অথবা বিদেশে প্রশিক্ষণে থাকার সম্ভাবনা থাকে তাহলে তিনি ছুটিতে অথবা অফডে-তে অথবা বিদেশ যাওয়ার পূর্বে অথবা ভ্রমণাদেশে বাহিরে থাকলে শুধুমাত্র ঢাকাস্থ প্রধান কার্যালয়ের নির্বাচন কমিশনের নিকট উপযুক্ত কারণ দেখিয়ে দরখাস্তের মাধ্যমে ব্যালট পেপার সংগ্রহপূর্বক গোপনীয়তা বজায় রেখে অগ্রীম ভোট প্রদান করতে পারবেন। তবে নির্বাচনের দিন ভোট গ্রহণের নির্ধারিত সময় শেষ হওয়ার পর কোন অগ্রীম ভোট পাওয়া গেলে তা গ্রহণ করা হবে না।

১২। <u>ভোট গণনা</u> :

ভোট গ্রহণ শেষ হওয়ার পরেই উপস্থিত প্রার্থীগণের অথবা তাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) ভোট গণনা শুরু হবে এবং বেসরকারী ফলাফল প্রকাশ করা হবে। যদি নির্বাচনের দিন সম্পূর্ণ ফলাফল প্রকাশ করা সম্ভব না হয়, তাহলে পরবর্তী কার্য দিবসে বেসরকারী ফলাফল প্রকাশ অব্যাহত থাকবে। বিভিন্ন কেন্দ্র হতে লিখিতভাবে ফলাফল প্রাপ্তির ০২ (দুই) কার্যদিবসের মধ্যে চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

১৩। <u>বিভিন্ন স্থাপনা হতে ঢাকায় ফলাফল প্রেরণ</u> :

বাপেক্স এর বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্প, ভূতাত্ত্বিক জরিপ দল, গ্যাস ফিল্ডসমূহে নির্বাচন কমিশন কর্তৃক মনোনীত ভোট গ্রহণকারী কর্মকর্তা ভোট গ্রহণ সম্পন্ন করত: ব্যালট পেপার পৃথক পৃথক (০১ টি ব্যালট এর জন্য ০১ টি খাম) আবদ্ধ খামে মনোনীত ভোট গ্রহণকারী কর্মকর্তা স্বাক্ষরসমেত আগামী ৩০ এপ্রিল ২০২৬ (১৭ বৈশাখ, ১৪৩৩ বাংলা), রোজ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে ঢাকার নির্বাচন কেন্দ্র হিসেবে ব্যবহৃত ৪, কাওরান বাজারস্থ বাপেক্স ভবনের ২য় তলার কনফারেন্স রুমে সরাসরি/বাহকের মাধ্যমে আহবায়ক/সদস্য-সচিব, নির্বাচন কমিশন এর নিকট পৌছাতে হবে। একই সাথে বিভিন্ন স্থাপনার ভোট বিহীন অব্যবহৃত ব্যালট পেপার (যদি থাকে) মনোনীত ভোট গ্রহণকারী কর্মকর্তাগণ স্বাক্ষর করে সীলসহ X (ক্রস) চিহ্ন দিয়ে বাতিল করে উক্ত ব্যালট পেপারসমূহ আগামী ৩০ এপ্রিল ২০২৬ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশন এর নিকট পৌছাতে হবে। কোনক্রমেই ৩০ এপ্রিল ২০২৬ (১৭ বৈশাখ, ১৪৩৩ বাংলা) এর পূর্বে কোন কেন্দ্রের ভোট প্রদানকৃত ব্যালট ও অব্যবহৃত ব্যালট গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত ভোট প্রদানকৃত ব্যালট পেপার নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করতে না পারলে সংশ্লিষ্ট ভোট গ্রহণকারী কর্মকর্তা দায়বদ্ধ থাকবেন।

চলমান পাতা-০৪

CamScanner

১৪। ভোট দেওয়ার পদ্ধতি :

ব্যালট পেপারে প্রার্থীর নামের বিপরীতে খালি জায়গায় অংকিত (√) চিহ্ন দিয়ে ভোট দান করতঃ ভাঁজ করে ব্যালট পেপারটি কেন্দ্রে রক্ষিত ব্যালট বাক্সে রাখতে হবে। উল্লেখ্য যে, ভোট কেন্দ্রে স্থাপিত বুথে মোবাইল ফোন, ক্যামেরা বা যে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

১৫। ভোটার তালিকা সংগ্রহ:

চূড়ান্ত প্রার্থীদের তালিকা ঘোষণার পর যে কোন প্রার্থী ২০০.০০ (দুইশত) টাকা মূল্যে এক কপি ভোটার তালিকা নির্বাচন কমিশনের আহবায়ক/সদস্য-সচিব এর নিকট হতে সংগ্রহ করতে পারবেন। ভোটার তালিকায় কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নির্বাচন কমিশন তা সংশোধনপূর্বক সরবরাহের ব্যবস্থা করবে।

১৬। নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে অথবা নির্বাচন সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে যে কেউ আহবায়ক/সদস্য-সচিব নির্বাচন কমিশন, ঢাকা এর সাথে যোগাযোগ করতে পারবেন।

১৭। যে কোন অপ্রত্যাশিত/অনাকাঙ্খিত কারণে নির্বাচন সংক্রান্ত সময়সূচীতে পরিবর্তনসহ নির্বাচন সংক্রান্ত সর্ববিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

| | | |
|---|---|---|
| 31/03/2026 | 31/03/2026 | 31/03/2026 |
| (মোঃ মহসিন)<br>উপব্যবস্থাপক (আইটি)<br>ও<br>সদস্য, নির্বাচন কমিশন-২০২৬ | (বেগম নূর-এ-সোনিয়া)<br>উপব্যবস্থাপক (ভূপদার্থ)<br>ও<br>সদস্য, নির্বাচন কমিশন-২০২৬ | (মোঃ শফিকুল ইসলাম)<br>ব্যবস্থাপক (প্রশাসন)<br>ও<br>সদস্য সচিব, নির্বাচন কমিশন-২০২৬ |
| 31-03-2026 | 31.3.2026 | 31/03/26 |
| মোঃ কামরুল হাসান শোভন<br>উপমহাব্যবস্থাপক (তড়িৎকৌশল)<br>ও<br>সদস্য, নির্বাচন কমিশন-২০২৬ | ড. মোঃ আশিক হোসেন<br>উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>ও<br>সদস্য, নির্বাচন কমিশন-২০২৬ | এস. এম. সোনা উল্লাহ্<br>উপমহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br>ও<br>প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন-২০২৬ |

বিতরণ :

০১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
০২। সকল বিভাগ/উপবিভাগ/প্রকল্প প্রধান ------------------------------------------বাপেক্স, ঢাকা।
০৩। খনন প্রকল্প/রিগ বেইজ/দল প্রধান, -------------------------------------------------------।
০৪। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বাপেক্স, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৫। সভাপতি/সাধারণ সম্পাদক (সর্বশেষ), বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন।
০৬। নোটিশ বোর্ড।

বিঃ দ্রঃ- কর্মরত কর্মকর্তাগণকে অবহিত করনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের সাথে যোগাযোগের মাধ্যম :

(১) মোবাইল নম্বর ঃ ০১৭৭৭৭৬৪৮৪৭ (প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন)।
ঃ ০১৭০০৭১২০৭৩ (সদস্য-সচিব, নির্বাচন কমিশন)।

(২) ই-মেইল ঃ Shafiq_bapex10@yahoo.com

CamScanner